

নোটিস

ভিসা আবেদনপত্র অনুমোদিত ভিসা সাবমিটিং এজেন্টস'র মাধ্যমে ওয়ান স্টপ সেন্টারে (ওএসসি) জমা প্রসঙ্গে।

আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে বিগত ২ ফেব্রুয়ারি ২০২০ এ মালয়েশিয়া দূতাবাস কর্তৃক ভিসা উইথ রেফারেন্স (ভিডিআর) এর কয়েকটি ক্যাটাগরীর আবেদনপত্র আবেদনকারীদের কাছে থেকে সরাসরি গ্রহণ করার সিদ্ধান্ত গৃহিত হয়েছিল। সেই থেকে আবেদনকারীরা যথাযথ ডকুমেন্ট সহ তাদের পাসপোর্ট ওয়ান স্টপ সেন্টারে (ওএসসি) জমা দিয়েছিলেন। ভিসা উইথদাউট রেফারেন্স (ভিটিআর) আবেদনপত্র ভিসা সাবমিটিং এজেন্টস'র মাধ্যমে জমা দেওয়ার প্রক্রিয়াটি পুনঃবহাল ছিল।

এখন বর্তমান পরিস্থিতি বিবেচনা সাপেক্ষে, ভিসা আবেদনকারীদের সুবিধার্থে এবং ভিসা আবেদন প্রক্রিয়া সুচারুরূপে পরিচালনা নিশ্চিতকরণের জন্য মালয়েশিয়া দূতাবাস সিদ্ধান্ত নিয়েছে যে আগামী ১ এপ্রিল ২০২১ থেকে কোন প্রকার আবেদনকারী ভিসা উইথ রেফারেন্স (ভিডিআর) ও ভিসা উইথদাউট রেফারেন্স (ভিটিআর) যে কোন প্রকার আবেদনপত্র সরাসরি জমা দিতে পারবেন না। সকল প্রকার ভিসা আবেদনপত্র ওএসসি দ্বারা অনুমোদিত ভিসা সাবমিটিং এজেন্টস'র মাধ্যমে ওয়ান স্টপ সেন্টারে (ওএসসি) জমা দিতে হবে।

আরও তথ্যের জন্য নিম্নে ওএসসির সাথে যোগাযোগের বিস্তারিত প্রদান করা হলো:

ওয়ান স্টপ সেন্টার (ওএসসি)

রোড নং ১২, বাড়ি নং ১০, ব্লক কে,

বারিধারা ডিপ্লোমেটিক জোন

টেলিফোন : +৮৮ ০১৭ ৯২০০ ০৭৬৬

ইমেল : info@osc.visamalaysia.com.bd

ওয়েবসাইট : www.visamalaysia.com.bd

উল্লেখ্য যে, ওএসসিতে ভিসা আবেদনপত্র জমা দেওয়ার প্রক্রিয়াটি ভিসা আবেদনকারীদের সুবিধার্থে সময়ে সময়ে পর্যালোচনা করা হবে যেন ভিসা আবেদন প্রক্রিয়া সুচারুরূপে পরিচালিত হয়।

ধন্যবাদান্তে,

ওয়ান স্টপ সেন্টার (ওএসসি)

৩১ মার্চ ২০২১

